



ই-নথি বিষয়ক প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠান



২৭ নভেম্বর ২০২২-রবিবার সকাল ১১টায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ই-নথি বাস্তবায়ন কমিটির আয়োজনে কেন্দ্রীয় মিলনায়তনে ই-নথি বিষয়ক প্রশিক্ষণ কর্মশালার শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সদস্য অধ্যাপক ড. মোঃ সাজ্জাদ হোসেন।

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালিউদ্দীন আহমদ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সচিব ড. ফেরদৌস জামান এবং আইএমসিটি বিভাগের পরিচালক জনাব মোহাম্মদ মাকছুদুর রহমান ভূঁইয়া। রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামানের সঞ্চালনায় অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন ই-নথি বাস্তবায়ন কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. মোঃ শওকত জাহাঙ্গীর।

এসময় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, ইনস্টিটিউটের পরিচালক, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, দপ্তরের পরিচালক সহ অন্যান্য শিক্ষক, কর্মকর্তা এবং কর্মচারী উপস্থিত ছিলেন।